

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬০৯

আগরতলা, ১৮ জানুয়ারি, ২০২৪

করবুক মহকুমার ভারত-বাংলাদেশ  
সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি

জনজীবনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় গোমতী জেলার জেলাশাসক এক আদেশে করবুক মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৩০০ মিটার এলাকায় ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৪৪ ধারায় কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। গতকাল থেকে এই আদেশ কার্যকর হয়েছে এবং তা ১৬ মার্চ, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত এই বিধিনিষেধ বজায় থাকবে। এই আদেশে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ৪ জনের বেশি মানুষের জমায়েত ও করবুক মহকুমার মহকুমা শাসকের লিখিত অনুমতিপত্র ছাড়া সাধারণ মানুষের চলাচলের উপরও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। পুলিশ বাহিনীর সদস্য, সিআরপিএফ, বিএসএফ-এর জওয়ানগণ ছাড়া কেউ লাঠি, আগ্নেয়াস্ত্র অথবা যে কোনও অস্ত্রশস্ত্র বহন করতে পারবেন না। সরকারি কাজে নিয়োজিত পুলিশ, নিরাপত্তা বাহিনীর সদস্যগণ, আধিকারিকগণ এবং আন্তর্জাতিক সীমান্তের ৩০০ মিটার এলাকার মধ্যে বসবাসকারী ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*